

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারী পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ফরম 'খ'
হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগ পত্র
[বিধি ৩(৩) এবং ৭ দ্রষ্টব্য]

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৭৬.২০১৩- ৯৯

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩
০৫ জুলাই ২০২৬

প্রতি,

জনাব ভূপাল চন্দ্র রায়
জন্ম তারিখ: ০১/০৬/১৯৭৯ খ্রি.
পিতা: চাঁদ মোহন বর্মন
মাতা: কুকিলা রানী
গ্রাম: সালন্দর, ডাকঘর: সালন্দর
উপজেলা: ঠাকুরগাঁও সদর, জেলা: ঠাকুরগাঁও।

হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে ঠাকুরগাঁও সদর উপজেলার হিন্দু বিবাহ নিবন্ধক জনাব বিনয় কুমার বর্মন এর অধিক্ষেত্রে হইতে ০৩ নং আকচা ইউনিয়ন, ২১ নং ঢোলার হাট ইউনিয়ন ও ১৭ জগন্নাথপুর ইউনিয়ন এবং জনাব দিলীপ কুমার রায় এর অধিক্ষেত্রে হইতে ০৬ নং আউলিয়াপুর ইউনিয়ন, ১২ নং সালন্দর ইউনিয়ন এবং ১৮ নং শুখানপুখুরী ইউনিয়নসমূহ কর্তনপূর্বক ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার ০৩ নং আকচা ইউনিয়ন, ২১ নং ঢোলারহাট ইউনিয়ন, ১৭ নং জগন্নাথপুর ইউনিয়ন, ০৬ নং আউলিয়াপুর ইউনিয়ন, ১২ নং সালন্দর ইউনিয়ন এবং ১৮ নং শুখানপুখুরী ইউনিয়নসমূহে উক্ত হিন্দু বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় নিয়োগ লাভকারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বা.

(মোঃ আবদুল ওয়াহাব)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৭৬.২০১৩- ৯৯ (২৪)

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩
০৫ জুলাই ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হইল।)
৫. উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৬. ম্যানেজার, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, রংপুর।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. জেলা রেজিস্ট্রার, ঠাকুরগাঁও।
১০. সাব-রেজিস্ট্রার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
১১. অফিসার ইনচার্জ, সদর থানা, ঠাকুরগাঁও।
১২. জনাব বিনয় কুমার বর্মন, হিন্দু বিবাহ নিবন্ধক, গ্রাম-কশালগাঁও, ডাকঘর-কুহিয়া, উপজেলা-সদর, জেলা-ঠাকুরগাঁও।
১৩. জনাব দিলীপ কুমার রায়, হিন্দু বিবাহ নিবন্ধক, গ্রাম: চোংগাখাতা, ডাকঘর: নতুন গড়েয়া,
উপজেলা: ঠাকুরগাঁও সদর, জেলা: ঠাকুরগাঁও।
১৪. অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব